



স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৪৬

তারিখ: ০৭ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন


আজ ঐতিহাসিক ৭ মার্চ। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে স্বাধীনতার আহ্বান সংবলিত ঐতিহাসিক ভাষণ দিয়েছিলেন। ২০১৭ সালে বঙ্গবন্ধুর এই ভাষণকে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়। ভাষণের দিনটি এবার প্রথমবারের মতো জাতীয় দিবস হিসেবে উদযাপন করা হচ্ছে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক ৭ মার্চ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে আজ সকাল ১০.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে আলোচনা সভা, ডকুমেন্টারী প্রদর্শনী, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম। আলোচনা সভার সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব এ. এস. মাহমুদ।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এই ভাষণ শুধু ভাষণ নয় বরং একটি ইতিহাস, একটি উপন্যাস, একটি মহাকাব্য। এ ভাষণের মূল সুর যারা হৃদয়ে ধারণ করবে তারা হয়ে উঠবে আত্মত্যাগী ও দেশের জন্য জীবন উৎসর্গকারী মহান মানুষ। জাতির পিতার জীবন-কর্ম, তাঁর ভাষণ, তাঁর চিন্তা দর্শন বিশ্বব্যাপী সমাদৃত। জাতির পিতার ভাষণ শুনলে আমাদের রক্ত টগবগ করে উঠে। আমরা তাঁর দেখানো পথে এগিয়ে চলবো। তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক দেশের জন্য আত্মত্যাগ করবো। এই হোক আমাদের প্রত্যয়।

বিশেষ অতিথির বক্তব্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর বলেন আজ ৭ মার্চ, জাতীয় দিবস যা আনুষ্ঠানিকভাবে উদযাপিত হচ্ছে সমগ্র দেশব্যাপী। প্রায় ১৮/১৯ মিনিটের এ ভাষণে স্বাধীনতার ঘোষণা বিষয়ে সকল দিক নির্দেশনাই উঠে এসেছিল। এ ঘোষণার মাধ্যমে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি জাতিকে সশস্ত্র বাঙালি জাতিতে রূপান্তর করেছিলেন, স্বাধীনতার বীজ বপন করেছিলেন। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ আজও আমাদের তথা সমগ্র জাতিকে উদ্দিগু করে। এ ঐতিহাসিক ভাষণটি ছান করে নিয়েছে বিশ্ব দরবারে।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোঃ রফিক আল মামুন, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ও বঙ্গবন্ধু পরিষদ ইআবি শাখার নেতৃবৃন্দ।



(এ. এস. মাহমুদ)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।